

আজ থেকে ইবি'র ভর্তি শুরু ॥ নতুন তিন বিভাগ

ইবি সংবাদদাতা ॥ কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষের ভর্তির আবেদন আজ থেকে শুরু হচ্ছে। অনলাইনের মাধ্যমে এ আবেদন করা যাবে ১৫ অক্টোবর পর্যন্ত। এবার ভর্তি পরীক্ষায় নতুন করে তিনটি বিভাগ অন্তর্ভুক্ত করা হয়েছে, বলে রেজিস্ট্রার অফিস সূত্রে জানা গেছে। নতুন তিনটি বিভাগ হলো - যথাক্রমে মার্কেটিং, ফোকলোর ও র‍্যট্টিবিজ্ঞান। জানা যায়, বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ২৫ বিভাগের ভর্তি পরীক্ষা ৮টি ইউনিটের মাধ্যমে অনুষ্ঠিত হবে। নতুন তিনটি বিভাগের মধ্যে ফোকলোর বিভাগকে 'বি' ইউনিটে, র‍্যট্টিবিজ্ঞান বিভাগকে 'সি' ইউনিটে এবং মার্কেটিং বিভাগকে 'ডি' ইউনিটে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফোকলোর বিভাগে আসন সংখ্যা ৮০ এবং মার্কেটিং ও র‍্যট্টিবিজ্ঞান বিভাগে আসন সংখ্যা ৭৫ করে নির্ধারণ করা হয়েছে। এদিকে গত শুক্রবার অনুমোদিত ফোকলোর বিভাগে প্রফেসর ড. শাহিনুর রহমান; মার্কেটিং বিভাগে প্রফেসর ড. জাকারিয়া রহমান ও র‍্যট্টিবিজ্ঞান বিভাগে প্রফেসর ড. রাফিক্বা ইয়াসমিনকে ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। উল্লেখ্য, ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট www.iu.ac.bd এর মাধ্যমে জানা যাবে।